

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা  
পরীক্ষা নিয়ন্ত্রক অফিস

বিজ্ঞপ্তি

নং পরীক্ষা/সিই- ৩৪০

তারিখ : ২৫/০৭/১৯


তদারককারী সম্মানিত শিক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই পরীক্ষার্থীদেরকে এই মর্মে সতর্ক করা প্রয়োজন যে, পরীক্ষার হলে পরীক্ষার নির্দিষ্ট বিষয় সংশ্লিষ্ট কোন লেখা কাগজ রাখা কিংবা পরীক্ষার ডেস্ক, বেঞ্চ, টেবিল বা পরিধেয় বস্তুর মধ্যে কোন লেখা থাকা অপরাধ। কাহারও নিকট এইরূপ কোন লেখা বা কাগজ থাকলে ঐগুলি পরীক্ষা আরম্ভ হওয়ার পূর্বেই জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যেতে পারে।

পরীক্ষার্থীদেরকে এই মর্মে বিশেষভাবে সতর্ক করা প্রয়োজন যে, পরীক্ষার হলে মোবাইল ফোন, ওয়াচ ফোন/ স্মার্ট ওয়াচ, Programmable Calculator, Digital Diary বা অন্য কোন Electronic Media সংগে রাখা শাস্তিযোগ্য অপরাধ। যদি কেহ মোবাইল ফোন নিয়ে আসে তবে ফোনটি switch off করে ব্যাগে রাখার জন্য অথবা নিজ দায়িত্বে শিক্ষকের সামনের টেবিলে রাখার জন্য পরীক্ষার্থীকে নির্দেশ দেয়া যেতে পারে।

অঙ্কনের জন্য পেন্সিল ও কম্পাস ইত্যাদি প্রয়োজনীয় জিনিস নিজের কাছে রেখে বাকী ইন্সট্রুমেন্ট বক্স, জ্যামিতি বক্স ইত্যাদি পরীক্ষা কক্ষের তদারককারীদের কাছে জমা দেয়ার জন্য পরীক্ষার্থীকে নির্দেশ দেয়া যেতে পারে।

ইহা ছাড়া পরীক্ষার হলে কলম, পেন্সিল ও অনুমোদিত Calculator ব্যতিত ব্যক্তিগত Stapler Machine, স্কেল বা Set-square ব্যবহার না করার জন্য পরীক্ষার্থীকে নির্দেশ দেয়া যেতে পারে।

পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থীর নিকট কোন লেখা পাওয়া গেলে বা অন্য কোন সূত্র হতে নকল করার চেষ্টা করলে অথবা কারো সাথে মোবাইল ফোন বা কোন Electronic Media পাওয়া গেলে তার বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।



(ড. কাজী দীন মোহাম্মদ খসরু)

পরীক্ষা নিয়ন্ত্রক

ও

অধ্যাপক, ইইই বিভাগ

নং পরীক্ষা/সিই- ৩৪০ (৩০)

তারিখ : ২৫/০৭/১৯

অনুলিপি :

- ১। সকল ডীন, প্রঃ বিঃ, ঢাকা
- ২। সকল বিভাগীয় প্রধান, প্রঃ বিঃ, ঢাকা
- ৩। সকল তদারককারী শিক্ষক/শিক্ষিকা প্রঃ বিঃ, ঢাকা



(প্রকৌশলী ফাহমিনা ইয়াসমীন)